# মহকুমা শাসকের করণ
# ডোমকল, মুর্শিদাবাদ

প্রশাসনিক ভবন
পোঃ – ডোমকল, থানা–ডোমকল,
জেলা : মুর্শিদাবাদ,
পিন : ৭৪২৩০৩, পশ্চিমবঙ্গ,
দূরভাষ : (০৩৪৮১)২৯৯৯৪৪ (O)
ই-মেল : sdo-domkal@murshidabad.gov.in


পশ্চিমবঙ্গ সরকার
GOVT. OF WEST BENGAL

## বিজ্ঞপ্তি নং – ০৩/২০২২

পশ্চিমবঙ্গ রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় স্বাস্থ্য মিশন (NHM)-এর ২৭/০৬/২০১২ তারিখের পত্রাঙ্ক : HFW/NRHM-২০/২০০৬/Part-II/১৬৩১-এর আদেশনামা অনুযায়ী মুর্শিদাবাদ জেলার ডোমকল মহকুমার অন্তর্গত রাণীনগর ১ ব্লকের গ্রাম ভিত্তিক ASHA পদে নিয়োগের উদ্দেশ্যে **নির্ধারিত আশা এলাকার** অধীন স্থায়ীভাবে বসবাসকারী কেবলমাত্র বিবাহিতা/ বিধবা/ বিবাহবিচ্ছিন্না মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য কেবলমাত্র সংযুক্ত আবেদনপত্রেই (সংযোজনী-১) দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**শর্তাবলী :**

১. কেবলমাত্র বিবাহিতা/ বিধবা/ বিবাহ বিচ্ছিন্না মহিলাই আবেদন করতে পারেন। বিবাহিত হলে স্বপ্রত্যয়িত নকল (বিবাহের শংসাপত্র/ স্বামীর নাম আছে এমন প্রমাণ (EPIC/ Ration Card)/ বিধবা হলে স্বপ্রত্যয়িত নকল স্বামীর মৃত্যুর শংসাপত্র/ বিবাহবিচ্ছিন্না হলে উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ বা শংসাপত্র স্বপ্রত্যয়িত নকল আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

২. আগ্রহী প্রার্থীকে অবশ্যই **নির্ধারিত আশার এলাকার** অধীন স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ীভাবে বসবাসের প্রমাণ স্বরূপ সাম্প্রতিক নির্বাচক তালিকা অনুসারে প্রার্থীকে তার সচিত্র ভোটার পরিচয়পত্রের (EPIC) অথবা রেশন কার্ড (সংশ্লিষ্ট এলাকার)-এর স্বপ্রত্যয়িত নকল (Self-attested) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৩. ০১/০১/২০২২ তারিখে সাধারণ প্রার্থীর বয়স হতে হবে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তফশিলী জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। জন্মতারিখের প্রমাণস্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষের জন্মের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড।

৪. প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অকৃতকার্য প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন। এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চশিক্ষার জন্য কোন মূল্যায়ন বা বিবেচনার সুবিধা থাকবে না।

৫. যে নির্ধারিত আশার এলাকার ৫০% এর বেশী তফশিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের বসবাস সেই নির্ধারিত আশার এলাকার তফশিলী জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীরা অগ্রাধিকার পাবে।

৬. আবেদনপত্রের সঙ্গে যে সকল প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত প্রতিলিপি জমা করতে হবে :

ক. জন্মের প্রমাণস্বরূপ – উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জন্মের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড

খ. এলাকার বাসিন্দা হিসাবে ভোটার পরিচয়পত্র (EPIC)/ রেশন কার্ড

গ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণপত্র (তফশিলী জাতি/ উপজাতি এর জন্য প্রযোজ্য)

ঘ. মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশিট

ঙ. প্রার্থীর সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজ ফটো, ফটোর পিছনে প্রার্থীর স্বাক্ষরসহ। এক কপি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে সেঁটে দিতে হবে।

Office of the Sub-Divisional Officer, Domkal

চ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া স্বনির্ভরগোষ্ঠী/ প্রশিক্ষণপ্রাপ্ত ধাই/ লিঙ্কওয়ার্কার এর শংসাপত্র (যদি থাকে)

ছ. বিবাহবিচ্ছিন্না হলে উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ বা শংসাপত্র/ বিধবা হলে স্বামীর মৃত্যুর শংসাপত্র/ বিবাহিতা হলে বিবাহের শংসাপত্র/ স্বামীর নাম আছে এমন প্রমাণ (EPIC/ Ration Card)

জ. প্রার্থীর পিতার/ মাতার এবং স্বামীর EPIC/ Ration Card

ঝ. ১০ টাকার ডাকটিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম।

৭. উল্লিখিত প্রমাণপত্র গুলির আসল নিয়োগ কর্তৃপক্ষ চাইলে দেখাতে হবে। ব্যর্থতায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত।

৮. যোগ্য প্রার্থীদের ইন্টারভিউ এর তারিখ, সময় ও স্থান আবেদন পত্রে উল্লিখিত ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হবে। ইন্টারভিউতে অনুপস্থিত থাকলে প্রার্থীপদ খারিজ করা হবে। ইন্টারভিউ এর তারিখ, সময় ও স্থানে পরিবর্তন কোনভাবেই মান্যতা পাবেনা।

৯. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

১০. সংযোজনী-১ অনুযায়ী ও প্রমাণপত্র সহ আবেদনপত্র জমা দেওয়ার স্থান : সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ (বি.ডি.ও. অফিস)।

১১. বিস্তারিত বিবরণের জন্য সংশ্লিষ্ট বি.ডি.ও/ বি.এম.ও.এইচ. অফিস ও http://www.murshidabad.nic.in দেখতে অনুরোধ করা হচ্ছে।

১২. একাধিক আবেদনকারীর সব আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

১. আবেদনপত্র সঠিক ভাবে পূরণ করে তার সঙ্গে প্রমাণপত্র সূচ সুতো দিয়ে সেলাই করে খামে ভরে মুখ আঠা দিয়ে বন্ধ করতে হবে। খামের উপর অবশ্যই কোন নির্ধারিত আশা এলাকার জন্য আবেদন করতে চান, তার নাম ও উপস্বাস্থ্যকেন্দ্রের নাম সংযোজনী-২ থেকে লিখতে হবে। খামের ডান দিকে **সদস্য সচিব, আশা নির্বাচন কমিটি এবং মহকুমা শাসক, ডোমকল ও বাম দিকে প্রার্থীর পুরো ঠিকানা লিখতে হবে।**

২. যে সকল সুবিধা চেয়ে আবেদন করা হবে তার উপযুক্ত প্রমাণপত্র আবেদনের সঙ্গে অবশ্যই যুক্ত করতে হবে। আবেদনের শেষ তারিখের পরে কোন প্রমাণপত্র উপস্থাপন করলে তা গ্রাহ্য হবে না।

**৩. আবেদনপত্র জমা দেওয়া যাবে ০৩/০১/২০২২ তারিখ থেকে ২৪/০১/২০২২ তারিখ পর্যন্ত প্রত্যহ বেলা ১১:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত (সরকারী ছুটির দিন বাদে) সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণে নির্দষ্ট স্থানে রাখা ড্রপ বক্সে। নমুনা আবেদনপত্র সংযোজনী-১ এবং ব্লকভিত্তিক আশাকর্মী শূন্যপদের তালিকা সংযোজনী-২ তে উল্লেখ করা আছে যা সঙ্গে সংযোজিত হল।**

সদস্য সচিব, আশা নির্বাচন কমিটি

এবং

মহকুমা শাসক, ডোমকল

03.01.2022

পত্রাঙ্ক : ০৫(২১) /ASHA/SDO(D)/2022 তারিখ : ০৩/০১/2022

প্রতিলিপিটি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল :

১. মাননীয় সভাধিপতি, মুর্শিদাবাদ জেলা পরিষদ, মুর্শিদাবাদ

২. মাননীয় জেলাশাসক, মুর্শিদাবাদ

৩. মাননীয় অতিরিক্ত জেলাশাসক (সাধারণ/স্বাস্থ্য/জেলা পরিষদ/এল.আর.), মুর্শিদাবাদ

৪. মাননীয় মুখ্য স্বাস্থ্য আধিকারিক, মুর্শিদাবাদ

৫-৮. মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক, ........................................., মুর্শিদাবাদ, সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল

৯. মাননীয় সহকারী মুখ্য স্বাস্থ্য আধিকারিক, ডোমকল, মুর্শিদাবাদ মাননীয়া ডি.পি.এইচ.এন.ও. মুর্শিদাবাদ

১০-১৩. মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, ....................................., মুর্শিদাবাদ, সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল

১৪. মাননীয় ডি.পি.ও.(আই.সি.ডি.এস.), মুর্শিদাবাদ

১৫. মাননীয়া ডি.আই.ও.(এন.আই.সি.), মুর্শিদাবাদ, বিজ্ঞপ্তিটি http://www.murshidabad.nic.in ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হল

১৬. মাননীয় ডি. আই.এ. মুর্শিদাবাদ জেলা পরিষদ - বিজ্ঞপ্তিটি সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল

১৭. মাননীয় ডি.আই.সি.ও. মুর্শিদাবাদ - বিজ্ঞপ্তিটি সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল

১৮. মাননীয়া ডি.পি.এইচ.এন.ও. মুর্শিদাবাদ

১৯. মাননীয়া জেলা আশা ফেসিলিটেটর, মুর্শিদাবাদ

২০. প্রধান, ................................................... গ্রাম পঞ্চায়েত, প্রচারের জন্য নোটিশ বোর্ডে ঝুলানোর অনুরোধ করা হল

২১. পোষ্ট মাস্টার, ................................................ পোষ্ট অফিস, প্রচারের জন্য নোটিশ বোর্ডে ঝুলানোর অনুরোধ করা হল

রাজীব মল্লিক

সদস্য সচিব, আশা নির্বাচন কমিটি

এবং

মহকুমা শাসক, ডোমকল

03.01.2022

## Annexure-II (সংযোজনী-২)

### Vacancy List of ASHA area for engagement of ASHA vide notice no. 03/2022

### Name of Block : Raninagar I

| Name of GP | Name of Sub-Centre | Sl. No. of ASHA area | Name of ASHA area | Boundary of ASHA area | Preference for | Remarks |
|---|---|---|---|---|---|---|
| Tenkaraipur | Tenkaraipur | 1 | Madhabpur + Khalisapara | 1st house Siddik Hossain - Middle house Robiul Awal - Last house - Hossain Mia | General | |
| Tenkaraipur | Goas Sarkarpara | 2 | Kasimnagar + Bakultala | 1st house Rasikur Sk - Middle house Nazrul Sk - Last house - Jamal Sk | General | |
| Hurshi | Bekibagan | 3 | Sabjipara + Mirpara + Borakuli | 1st house Sudarshan Sarkar - Middle house Panjaton Sk - Last house - Hafej Sk | General | |
| Hurshi | Purbomondalpara | 4 | Char Goplapur Colonypara | 1st house Ayub Ali - Middle house Tiayarul Sk - Last house - Jakir Hq | General | |
| Lochanpur | Lochanpur SK para | 5 | Lochanpur SK para | 1st house Salam Sk - Middle house Asadul Sk - Last house - Bablu Sk | General | |
| Chak Islampur | Islampur | 6 | Nashipur | 1st house Dulal Sk - Middle house Hasanul Sk - Last house - Salam Sk | General | |
| Herampur | Sukdebmati | 7 | Bablabona + Ghugupara | Bablabona : 1st house Ansarul Sarkar - Middle house Tujammel Hq - Last house - Mansur Ali Ghugupara : 1st house Robi Mondal, Middle house Ranjit Mondal | General | |
| Paharpur | Damodarpur | 8 | Muktarpur Farajipara + Damodarpur | 1st house Habibur Rahaman - Middle house Faruyaruddin - Last house Mursalim Sk | General | |

রাজীব মল্লিক

**Member-Convenor, ASHA Selection Committee**
**&**
**Sub Divisional Officer**
**Domkal, Murshidabad**

03.01.2022